

## ভর্তির জন্য ৩য় নির্বাচন বিজ্ঞপ্তি এবং ট্রান্সফার ও অপেক্ষমান তালিকা

বিজ্ঞান, জীব ও ভূ-বিজ্ঞান, কৃষি ও প্রকৌশল অনুষদ-এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি./বি.ফার্ম.(সম্মান)/বি.এস-সি.এ-জি./ডি.ভি.এম./বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে **দ্বিতীয় নির্বাচন তালিকা** প্রকাশ করা হল। এ ছাড়াও শূন্য আসন ও পছন্দক্রম অনুসারে বিভাগ পরিবর্তন (ট্রান্সফার) সহ হালনাগাদ অবস্থান তালিকা প্রকাশ করা হল। অপেক্ষমান ভর্তিচ্ছুগণ নিজ বিভাগওয়ারী অবস্থান অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে লগ-ইন করে দেখে নিতে পারবেন।

নির্বাচিত ভর্তিচ্ছুদের আগামী **০৮-১২-২০১৯ ও ১০-১২-২০১৯ সকাল ১১টা থেকে দুপুর ১টার মধ্যে এবং দুপুর ৩:৩০ থেকে ৪:৩০ এর মধ্যে** প্রকৌশল অনুষদে (ড. এম এ ওয়াজেদ মিয়া একাডেমিক ভবন, কক্ষ নম্বর ৪১২) উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। **নির্বাচিত ভর্তিচ্ছু নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না।** উল্লেখ্য যে, শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের ভর্তির প্রক্রিয়া এর সমান্তরালে চলবে এবং এর জন্য পৃথক নোটিশ দেয়া হচ্ছে।

যাদের বিভাগ পরিবর্তন (মাইগ্রেশন) করা হয়েছে তাদের এ জন্য কিছু করতে হবে না। **কেউ অটো-মাইগ্রেশন বা কতকগুলো বিভাগে মাইগ্রেশন বন্ধ করতে চাইলে অনলাইনে স্টপ মাইগ্রেশন বা অপ্ট-আউট অপশন ব্যবহার করে তা করতে পারবে।**

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৫টা) ইউনিট কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০৭২১-৭১১২৫৫, ০১৯১৪-৩২৭১৪২)। অনলাইন ভর্তি ফর্ম পূরণ সংক্রান্ত কারিগরী সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

উল্লেখ্য যে, পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রীয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে। এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচী অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচন করা হবে।

তালিকা	প্রকাশের সম্ভাব্য তারিখ	ভর্তির সম্ভাব্য তারিখ
৪র্থ নির্বাচন তালিকা	১১ ডিসেম্বর ২০১৯ অপরাহ্ন	১২ ও ১৫ ডিসেম্বর, ২০১৯
৫ম নির্বাচন তালিকা	১৭ ডিসেম্বর ২০১৯ অপরাহ্ন	১৮ ও ১৯ ডিসেম্বর, ২০১৯
৬ষ্ঠ নির্বাচন তালিকা	২১ ডিসেম্বর ২০১৯ অপরাহ্ন	২২ ও ২৩ ডিসেম্বর, ২০১৯
৭ম নির্বাচন তালিকা	২৪ ডিসেম্বর ২০১৯ অপরাহ্ন	২৬ ও ২৯ ডিসেম্বর, ২০১৯

ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

১. অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (০৮-১২-২০১৯ সকাল থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে।
২. ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে **৫,০৩৫.০০ (পাঁচ হাজার পঁয়ত্রিশ) টাকা** জমা দিতে হবে। [টাকা জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> তে **online admission guideline** থেকে জানা যাবে।]
৩. সকাল ১১টা থেকে দুপুর ১টার মধ্যে এবং দুপুর ৩:৩০ থেকে ৪:৩০ এর মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রকৌশল অনুষদ অফিস (কক্ষ নং ৪১২, ড. এম এ ওয়াজেদ মিয়া একাডেমিক ভবন)-এ উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
  - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [দুই কপি জমা দিতে হবে]
  - এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
  - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
  - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড
৪. কাগজপত্র সন্তোষজনক হলে, স্বাক্ষরিত **ভর্তি ফরমের দুই কপি, এস.এস.সি. ও এইচ.এস.সি. মূল মার্কশীট, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও ১,০০০.০০ টাকা (এক হাজার টাকা) নগদ ইউনিট অফিসে জমা দিতে হবে।**

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৬ ডিসেম্বর, ২০১৯

(প্রফেসর ড. মো. একরামুল হামিদ)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি  
ও ডীন, প্রকৌশল অনুষদ  
রাজশাহী বিশ্ববিদ্যালয়